গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল
জুডিসিয়াল মুন্সিখানা শাখা
www.tangail.gov.bd

স্মারক নং-০৫.৪১.৯৩০০.০১০.১০.০১৭.২৩-১০৪৮

তারিখ : ১৩ অগ্রহায়ণ ১৪৩১ / ২৮ নভেম্বর ২০২৪

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা টাঙ্গাইল জেলাধীন সকল বৈধ আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণকে জানানো যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ, রাজনৈতিক অধিশাখা-৪, ঢাকা'র স্মারক নং-৪৪.০০.০০০০.০৭৭.৩৯.০০১.১৫-৮২৬ তারিখ: ০৩/০৮/২০১৬ খ্রিঃ মূলে জারিকৃত আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা-২০১৬ মোতাবেক ২০২৫ সালের জন্য জেলার সকল বৈধ আগ্নেয়াস্ত্র লাইসেন্স **আগামী ০১/১২/২০২৪ তারিখ হতে ৩১/১২/২০২৪ তারিখ পর্যন্ত নবায়ন করা হবে।** লাইসেন্সধারীগণকে তাদের লাইসেন্স নবায়নের জন্য চালানের মূলকপি, লাইসেন্স, অস্ত্র ও গোলাবারুদসহ (অস্ত্র থানায় জমা থাকলে হালনাগাদ জমা রশিদের মূলকপি) নির্ধারিত তারিখের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল এর জুডিসিয়াল মুন্সিখানা শাখায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো। ট্রেজারি চালানে লাইসেন্সধারীর নাম, পিতার নাম, ঠিকানা, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল নম্বর, লাইসেন্স নম্বর এবং অস্ত্রের নম্বর সঠিকভাবে লিপিবদ্ধ করতে হবে। অসম্পূর্ণ চালান গ্রহণ করা হবে না।

লাইসেন্স নবায়ন ফি, ভ্যাট ও ও উৎস কর কর্তনের হার

লাইসেন্সধারীর ক্যাটাগরি	আগ্নেয়াস্ত্রের ধরণ	নবায়ন ফি	নবায়ন ফি'র উপর প্রদেয় ১৫% ভ্যাট	নবায়ন ফি'র উপর প্রদেয় ১০% উৎস কর
ব্যক্তি পর্যায়ে	পিস্তল/রিভলবার	১০,০০০/-	১,৫০০/	১,০০০/-
	বন্দুক/শটগান/রাইফেল	৫,০০০/-	৭৫০/-	৫০০/-
আর্থিক প্রতিষ্ঠান বা ব্যাংক পর্যায়ে	লং ব্যারেল	৫,০০০/-	৭৫০/-	৫০০/-
প্রতিষ্ঠান পর্যায়ে	লং ব্যারেল	১০,০০০/-	১,৫০০/	১,০০০/-
ডিলার এবং মেরামতকারী প্রতিষ্ঠান	--	২০,০০০/-	৩,০০০/-	২,০০০/-
সেফ কিপিং	--	৫,০০০/-	৭৫০/-	৫০০/-

নবায়ন ফি, ভ্যাট ও উৎস কর জমা দেয়ার কোড নম্বর

নবায়ন ফি জমা দেয়ার কোড নম্বর	নবায়ন ফি'র উপর প্রদেয় ১৫% ভ্যাট দেয়ার কোড নম্বর	নবায়ন ফি'র উপর প্রদেয় ১০% উৎস কর দেয়ার কোড নম্বর
১৪২২১০২	১১৪১১০১	১১১১১০১-ব্যক্তি ১১১২১০১-প্রতিষ্ঠান

২০২৫ সনের জন্য পিস্তল, রিভলবার ও রাইফেল লাইসেন্স নবায়নের সময়সূচি

ক্রম	কর্মকর্তার নাম ও পদবী	উপজেলার নাম	নবায়নের তারিখ ও স্থান	সময়
(১)	(২)	(৩)	(৪)	(৫)
০১।	জনাব নাফিসা আক্তার অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট টাঙ্গাইল	টাঙ্গাইল জেলার সকল থানা	০১-১২-২০২৪ খ্রি. হতে ৩১-১২-২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত। স্থানঃ জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল।	সকাল ৯:০০ ঘটিকা হতে বিকেল ৫:০০ ঘটিকা পর্যন্ত

২০২৫ সনের জন্য .১২ বোর বন্দুক/শটগান লাইসেন্স নবায়নের সময়সূচি

ক্রম	কর্মকর্তার নাম ও পদবী	উপজেলার নাম	নবায়নের তারিখ ও স্থান	সময়
(১)	(২)	(৩)	(৪)	(৫)
০১।	জনাব ফারজানা আক্তার সিনিয়র সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল	ঘাটাইল ও মধুপুর	০১-১২-২০২৪ খ্রি. হতে ০৩-১২-২০২৪ খ্রি তারিখ পর্যন্ত স্থান: জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল।	সকাল ৯:০০ ঘটিকা হতে বিকেল ৫:০০ ঘটিকা পর্যন্ত
০২।	জনাব আসিফ আল জিনাত সিনিয়র সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল।	দেলদুয়ার ও নাগরপুর	০৪-১২-২০২৪ খ্রি. হতে ০৫-১২-২০২৪ খ্রি. তারিখ এবং ০৮-১২-২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত স্থান: জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল।	

CamScanner

০৩।	জনাব রাকিবুল ইসলাম সিনিয়র সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল।	টাঙ্গাইল সদর	০৯-১২-২০২৪ খ্রি. হতে ১১-১২-২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত স্থান: জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল।	সকাল ৯:০০ ঘটিকা হতে বিকেল ৫:০০ ঘটিকা পর্যন্ত
০৪।	জনাব প্রীতিলতা বর্মন সিনিয়র সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল।	কালিহাতী ও গোপালপুর	১২-১২-২০২৪ খ্রি., ১৫-১২-২০২৪ খ্রি. এবং ১৭-১২-২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত স্থান: জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল।	
০৫।	জনাব আল আমিন কবির সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল।	মির্জাপুর ও ধনবাড়ী	১৮-১২-২০২৪ খ্রি. হতে ১৯-১২-২০২৪ খ্রি. এবং ২২-১২-২০২৪ তারিখ পর্যন্ত স্থান: জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল।	
০৬।	জনাব মো: মোহাইমিনুল ইসলাম সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল।	বাসাইল ও সখিপুর	২৩-১২-২০২৪ খ্রি. এবং ২৪-১২-২০২৪ খ্রি তারিখ এবং ২৬-১২-২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত স্থান: জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল।	
০৭।	জনাব মো: ফাহিম শাহরিয়ার সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল।	ভূঞাপুর	২৯-১২-২০২৪ খ্রি. এবং ৩১-১২-২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত স্থান: জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল।	

দ্রষ্টব্য: কোন কারণে নির্ধারিত তারিখে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা কর্মস্থলে উপস্থিত না থাকলে জুডিসিয়াল মুন্সিখানা শাখার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা উক্ত তারিখে আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন করবেন। এছাড়া বিভিন্ন কারণে সময়সূচি মোতাবেক নবায়নে বাদ পড়া স্ব স্ব উপজেলার আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ আগামী ৩১-১২-২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত নবায়ন কার্যক্রম গ্রহণ করবেন।

শর্তাবলি

০১. নবায়নের সময় অবশ্যই বৈধ আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারী ব্যক্তিগণকে সশরীরে হাজির হয়ে মূল লাইসেন্স এবং আগ্নেয়াস্ত্র (কার্তুজসহ), গোলাবারুদ ও গোলাবারুদের হিসাব নবায়নকারী কর্মকর্তার নিকট উপস্থাপন করতে হবে।
০২. আগ্নেয়াস্ত্রের জন্য প্রযোজ্য নবায়ন ফি নির্ধারিত কোডে যে কোনো তফসিলভুক্ত ব্যাংকে জমা প্রদান করে চালানের মূল কপি আগ্নেয়াস্ত্রের লাইসেন্স নবায়নের আবেদনের সাথে নবায়নকারী কর্মকর্তার নিকট দাখিল করতে হবে।
০৩. ঘোষিত তফসিল অনুযায়ী আগ্নেয়াস্ত্র লাইসেন্সসমূহ নবায়নের প্রয়োজনীয় শর্ত পূরণ সাপেক্ষে নবায়ন করা হবে।
০৪. সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে লাইসেন্স নবায়নে ব্যর্থ হলে নিম্নস্বাক্ষরকারীর নিকট নবায়ন করতে না পারার জন্য সন্তোষজনক ব্যাখ্যাসহ আবেদন করতে হবে। আবেদন সন্তোষজনক বিবেচিত হলে লাইসেন্স ফি এর সমপরিমাণ অর্থ আদায়পূর্বক লাইসেন্স নবায়ন করা যাবে।
০৫. Digital Arms Management System (DAMS) এ ডাটা মাইগ্রেশনের জন্য যে সকল লাইসেন্সধারী এখনো তথ্য প্রদান করেননি তাদেরকে নবায়নের আবেদনের সাথে নিম্নলিখিত তথ্য প্রদান করতে হবে;
(ক) ব্যক্তির ক্ষেত্রে: আগ্নেয়াস্ত্র লাইসেন্সের ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, পাসপোর্ট সাইজের ছবি ০১ টি, নমুনা স্বাক্ষর, টিন সার্টিফিকেট ও রিটার্নের কপি, স্থায়ী ও বর্তমান ঠিকানা (ইংরেজিতে)।
(খ) ব্যাংক/প্রতিষ্ঠানের ক্ষেত্রে: আগ্নেয়াস্ত্র লাইসেন্সের ফটোকপি, ট্রেড লাইসেন্স, প্রতিষ্ঠান খোলার অনুমতি পত্র, টিন সার্টিফিকেট ও রিটার্নের কপি, প্রতিষ্ঠানের ঠিকানা (ইংরেজিতে), বর্তমান ম্যানেজারের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, তার পাসপোর্ট সাইজের ছবি ০১ টি, নমুনা স্বাক্ষর।
০৬. আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণ উল্লিখিত তথ্য জমা দিতে ব্যর্থ হলে অথবা আগ্নেয়াস্ত্রের লাইসেন্সধারীগণের অবহেলার কারণে তথ্য Digital Arms Management System (DAMS) এ আপলোড করা সম্ভব না হলে DAMS সিস্টেম ব্যবহার করে ভবিষ্যতে আগ্নেয়াস্ত্র লাইসেন্সটি নয়ায়ন করা যাবে না।
০৭. স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ, রাজনৈতিক অধিশাখা-৪ এর ২৫ আগস্ট ২০২৪ তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১-৩৩০ নং প্রজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে থানায় জমাকৃত আগ্নেয়াস্ত্রের লাইসেন্স নবায়নের ক্ষেত্রে জননিরাপত্তা বিভাগের গত ২৮ অক্টোবর ২০২৪ তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১-৩৮৬ নং স্মারকের নির্দেশনা মোতাবেক নবায়নের আবেদন যাচাই বাছাই পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

শরীফা হক
জেলা ম্যাজিস্ট্রেট
টাঙ্গাইল
ফোন: +৮৮০২৯৯৭৭১৪৯০২
ফ্যাক্স: +৮৮০২৯৯৭৭১৪৯০৩
ইমেইল: dctangail@mopa.gov.bd

CamScanner

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৩. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, ... (সকল)।
০৪. পুলিশ সুপার, টাঙ্গাইল [তাঁকে কোন লাইসেন্সধারী মৃত কিনা বা কোন লাইসেন্স নবায়নে আপত্তি থাকলে সে সম্পর্কে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো]।
০৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, টাঙ্গাইল।
০৬. প্রশাসক, ... (সকল), টাঙ্গাইল [তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো)]
০৭. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা), টাঙ্গাইল।
০৮. ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ক্যান্টনমেন্ট বোর্ড, ঘাটাইল [গণবিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো]।
০৯. উপজেলা নির্বাহী অফিসার, ... (সকল), টাঙ্গাইল [তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো)]
১০. সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার, ... শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল [তাঁকে ২০২৫ সালের অফিস আদেশ আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়নের দায়িত্ব পালনের জন্য অনুরোধ করা হলো]।
১১. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল [তাঁকে বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রদর্শনের জন্য]
১২. ব্যবস্থাপক, ...ব্যাংক .... শাখা, টাঙ্গাইল।
১৩. জেলা তথ্য অফিসার, টাঙ্গাইল [তাঁকে বিজ্ঞপ্তিটি প্রত্যেক উপজেলায় বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]
১৪. অফিসার ইনচার্জ, ... (সকল) থানা, টাঙ্গাইল [তাঁর থানা এলাকাধীন আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণকে বিষয়টি অবহিত করার জন্য এবং নিজে/প্রতিনিধি প্রেরণপূর্বক লাইসেন্স নবায়নকালে রেজিস্টার হালনাগাদ করার জন্য অনুরোধ করা হলো]।
১৫. প্রশাসক/চেয়ারম্যান .... ইউনিয়ন পরিষদ .... , টাঙ্গাইল [তাঁকে বিজ্ঞপ্তিটি ইউনিয়নে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো]।
১৬. সম্পাদক, ... [জনস্বার্থে বিজ্ঞপ্তিটি ০১ দিনের জন্য বিনা খরচে প্রচারের অনুরোধ করা হলো]।
১৭. নোটিশ বোর্ড/অফিস নথি।

২৮/১১/২০২৪।

নাফিসা আক্তার
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
টাঙ্গাইল